

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮২১

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - যাকাত যাদের জন্য হালাল নয়

بَابٌ مِمَّنْ لَا تَحِلُّ لَهُ الصَّدَقَةُ

আরবী

عَنْ أَنَسٍ قَالَ: مَرَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِتَمْرَةٍ فِي الطَّرِيقِ فَقَالَ: «لَوْلَا أَنِّي أَخَافُ أَنْ تَكُونَ مِنَ الصَّدَقَةِ لأكلتها»

বাংলা

১৮২১-[১] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন পথে পড়ে থাকা একটি খেজুরের পাশ দিয়ে যাচ্ছিলেন। এ সময় তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এ খেজুর যাকাত বা সদাকাহু (সাদাকা) হবার সন্দেহ না থাকলে আমি উঠিয়ে খেয়ে নিতাম। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৪৩১, মুসলিম ১০৭১, মুসান্নাফ 'আবদুর রায্যাক্ত ১৮৬৪২, সহীহ আত্ তারগীব ১৭৩৬, ইরওয়া ১৫৫৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রাস্তায় পড়ে থাকা খেজুর বা অনুরূপ বস্তু যা লুকতাহ বলে সেটা ব্যবহার করা জায়িয। তবে সেটা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য দেয়া ঠিক নয়। এ জন্য যে, সেটা সদাক্লাহ্ (সাদাকা) এর হতে পারে। আর সদাকার মাল রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য হারাম ছিল। পরহেযগারিতার দিক থেকে সেটি বর্জন করা তাঁর জন্য উত্তম। আর এরূপ বর্ণনা সহীহুল বুখারীতেও উল্লেখ আছে। এর থেকে প্রমাণ হয় যে, সদাক্লার অল্প বস্তুও তাঁর জন্য হারাম ছিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন